৫৭

দৈনিক
ইত্তেফাক

তারিখ 2 4 DEC 1996
পৃষ্ঠা ৮ কলাম ২

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের ৫ দফা বাস্তবায়নের আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবর্গ রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের বেতন বৃদ্ধি সংক্রান্ত কমিশনের সুপারিশকৃত রিপোর্ট প্রকাশসহ ৫-দফা দাবী বাস্তবায়নের

(২য় পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বেসরকারী প্রাথমিক

( শেষ পৃঃ পর )

আহ্বান জানাইয়াছেন। সমিতির ৫ দফা দাবীনামার মধ্যে রহিয়াছে : সকল রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা, জাতীয়করণের পূর্ব পর্যন্ত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় পূর্ব বেতন স্কেল প্রদানসহ গত জুলাই হইতে বাড়ী ভাড়া, প্রশিক্ষণ ভাতা, চিকিৎসা ভাতা ও দুইটি উৎসব ভাতাসহ অন্যান্য সুযোগ সুবিধা প্রদান বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকাগণের আলাদা বেতন স্কেল প্রদান প্রভৃতি।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি মোঃ সামছুল আলম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সহ-সভাপতি মোহাম্মদ আবুল হোসেন, মহাসচিব আলহাজ আক্কাছ আলী শেখ তাঁহারা জানান দেশের ১৯ হাজার ৬৮৩টি রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে প্রায় লক্ষাধিক শিক্ষক-শিক্ষিকা দীর্ঘদিন যাবৎ মানবেতর জীবন যাপন করিতেছে।